


# যামা মহান!

Michael Oguttu
Vusi Malindi
Asma Afreen
Bengali
Level 2




আমার ছোট ভাই দেরি করে ঘুমায়। আমি ভোরে উঠি কারণ আমি মহান!




আমিই সে যে সূর্যকে বরণ করি।




“তুমি আমার শুকতারা,” মা বলে।




আমি নিজে গোসল করি, আমার কারও সাহায্যের প্রয়োজন নেই।



আমি ঠাণ্ডা পানি আর নীল সাবানের বাজে
গন্ধের সাথে মানিয়ে নিতে পারি।



মা আমাকে মনে করিয়ে দেয়, “দাঁতকে ভুলে যেওনা।” আমি উত্তর দেই, “কখনই না, আমি ভুলি না!”




গোসলের পর, আমি দাদা এবং ফুফুকে শুভেচ্ছা জানাই আর তাদের জন্য একটি ভালো দিনের কামনা করি।




তারপর আমি নিজে নিজে জামা পরি,
“আমি এখন বড় হয়েছি মা,” আমি বলি।




আমি আমার বোতাম লাগাতে এবং আমার জুতোর ফিতে বাঁধতে পারি।



এবং আমি খেয়াল রাখি যেন আমার ছোট ভাই স্কুলের সব খবর জানে।




আমি ক্লাসে সব কিছুতে ভালো করার আপ্রাণ চেষ্টা করি।



আমি প্রতিদিন এই ভাল কাজগুলো করি। কিন্তু যে কাজটি করতে আমি সব থেকে বেশি পছন্দ করি তা হল খেলা এবং খেলা!

# Storybooks Canada

storybookscanada.ca

## যামা মহান!

Written by: Michael Oguttu
Illustrated by: Vusi Malindi
Translated by: Asma Afreen

This story originates from the African Storybook (africanstorybook.org) and is brought to you by Storybooks Canada in an effort to provide children's stories in Canada's many languages.

This work is licensed under a Creative Commons Attribution 3.0 International License.